

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৫.০০১.১৭.৪৩

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৪

২১ নভেম্বর ২০১৭

বিষয়: মাদারীপুর জেলার সদর উপজেলাধীন 'পাঁচখোলা মুক্তিসেনা হাইস্কুল এন্ড কলেজ'
হতে পৃথককৃত কলেজ শাখার নাম "ড. মো: মোজাম্মেল হক খান কলেজ"
নামকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার সদর উপজেলাধীন 'পাঁচখোলা মুক্তিসেনা হাইস্কুল এন্ড কলেজ'টি ড. মো: মোজাম্মেল হক খান (সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়) এর পৃষ্ঠপোষকতায় ০১/০১/২০০৯ তারিখে মাধ্যমিক বিদ্যালয় এবং ২২/০৬/২০১৫ তারিখে কলেজে উন্নীত হয়ে 'পাঁচখোলা মুক্তিসেনা হাইস্কুল এন্ড কলেজ' হিসেবে পরিচালিত হয়ে আসছিল। স্কুল ও কলেজ কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সভাপতির আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৪/১০/২০১৭ তারিখে স্কুল শাখা হতে কলেজ শাখা পৃথকীকরণের সম্মতি জ্ঞাপন করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানটি পাঁচখোলা মুক্তিসেনা হাইস্কুল এবং কলেজ আলাদা দুটি প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত হয়ে আসছে। অতঃপর এলাকার সর্বস্তরের মানুষের দাবির প্রেক্ষিতে (০১/০৮/২০১৭ তারিখের সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক) পৃথককৃত কলেজ শাখার নাম "ড. মো: মোজাম্মেল হক খান কলেজ" করার জন্য অনুরোধ পাওয়া যায়।

২। এমতাবস্থায়, মাদারীপুর জেলার সদর উপজেলাধীন 'পাঁচখোলা মুক্তিসেনা হাইস্কুল এন্ড কলেজ' হতে পৃথককৃত কলেজ শাখার নাম "ড. মো: মোজাম্মেল হক খান কলেজ" নামকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুযায়ী সরেজমিনে পরিদর্শন করে মন্ত্রণালয়ের নির্ধারিত ছক মোতাবেক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৬-১১-২০১৭

নাছিমা খানম

সিনিয়র সহকারী সচিব

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৫.০০১.১৭.৪৩/১(৫)

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৪

২১ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সভাপতি, গভর্নিং বডি, পাঁচখোলা মুক্তিসেনা হাইস্কুল এন্ড কলেজ, সদর, মাদারীপুর।



২৬-১১-২০১৭

নাছিমা খানম

সিনিয়র সহকারী সচিব